উপজেলা পরিষদ

উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

www.atpara.netrokona.gov.bd

## জুন/২০২৪ মাসে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: খায়রুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| তারিখ ও সময় | : ২৭ জুন ২০২৪ খ্রি. বেলা : ১১.৩০ ঘটিকা। |

**পরিশিষ্ট 'ক' : সভায় উপস্থিত সদস্যদের তালিকা**

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব এম. সাজ্জাদুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের মে/২০২৪ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১. <u>প্রাণিসম্পদ বিভাগ:</u> উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা</td></tr>
<tr><td>০২. <u>স্বাস্থ্য বিভাগ:</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, ডেঙ্গু রোগ সনাক্তকরণের জন্য এন.এস.ওয়ান কীট সরবরাহ করা হয়েছে। তিনি আরো জানান যে, অপরেশন থিয়েটারের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য জাইকা কর্তৃক প্রদত্ত মালামাল স্পেসিফিকেশন অনুযায়ী বুঝিয়ে নেয়া হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>০৩. <u>কৃষি বিভাগ:</u><br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে বোরো আবাদের লক্ষমাত্র ছিল ৫২০৬৩ মে.টন। অর্জিত হয়েছে ৫৮০৫০ মে.টন। এছাড়া ৪০০ হে. জমিতে আউশ ধান রোপনের কাজ শেষ হয়েছে। ১২০০ কৃষকের মাঝে রোপা আমনের প্রনোদনা বিতরণের কার্যক্রম পরবর্তী সপ্তাহে উদ্বোধন করা হবে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>০৪. <u>স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ:</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নিম্নোক্ত প্রকল্পগুলো নিয়ে আলোচনা করেন।
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th></tr>
<tr><td>আটপাড়া উপজেলার স্বরমুশিয়া ইউনিয়নে রামেস্বরপুর বাশাটি রাস্তায় দেশীউরা জামে মসজিদ রাস্তায় ০২ (দুই) টি ইউ-ড্রেইন ও প্যালাসাইটিং নির্মাণ প্রকল্প</td><td>৯,০০,০০০/-</td></tr>
<tr><td>আটপাড়া উপজেলার লুনেশ্বর ইউনিয়নে কাউপুর বেরিবাধের রাস্তায় ০১ (এক) টি ইউড্রেইন নির্মাণ।</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>আটপাড়া উপজেলার দুওজ ইউনিয়নে মানিষা ব্রীজের পাশে সিসি দ্বারা উন্নয়ন ও আটপাড়া নাজিরগঞ্জ সড়কে দুওজ আব্বাস আলীর ক্ষেতের পাশের সড়কে সিসি দ্বারা মেরামত।</td><td>১,৫০,০০০/-</td></tr>
</table>
এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পগুলো অনুমোদনরের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৪. ইউনিয়ন পরিষদ চেয়াম্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>০৫. <u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>প্রতিনিধি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মাঠ পর্যায়ে জন্ম নিয়ন্ত্রন সামগ্রীর অপ্রতুলতা রয়েছে। নিয়মিত অফিসার না থাকায় মনিটারিং কার্যক্রম ব্যাহত হচ্ছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ০৬. <u>মাধ্যমিক শিক্ষা বিভাগ</u> : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখ থেকে এইচএসসি/সমমান পরীক্ষা শুরু হবে। অত্র উপজেলার এইচএসসি পরীক্ষার দুটি এবং এইচএসসি (বি.এম) পরীক্ষার দুটিসহ মোট চারটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা সুষ্ঠভাবে ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের জন্য তিনি সকলে সহযোগীতা কামনা করেন। | নীতিমালা অনুযায়ী এইচএসসি/সমমানের পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. <u>শিক্ষা বিভাগ</u>: উপজেলা শিক্ষা অফিসার, সভায় জানান যে, জানুয়ারি/২০২৪-জুন/২০২৪ পর্যন্ত শিক্ষার্থীদের উপবৃত্তির কার্যক্রম শেষে অর্থ বিতরণ চলমান রয়েছে। তিনি বলেন যে, সরকারি ও বেশরকারি বিদ্যালয়ের বার্ষিক বিদ্যালয় শুমারি কার্যক্রম চলমান। তিনি আরো জানান যে, বন্যা আশ্রয়ন কেন্দ্র হিসেবে নির্বাচিত বিদ্যালয়গুলোকে আপদকালীন সময় মোকাবেলার প্রস্তুত রয়েছে। বেসরকারি প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান কার্যক্রম চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. <u>ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ:</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় শুরুতেই আটপাড়া বন্যা পরিস্থিতিতে অক্লান্ত পরিশ্রম করার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান যে, বন্যায় ৩৬ টি পরিবার আশ্রয়ন কেন্দ্রে আশ্রয় নেয় এবং প্রতিটি পরিবারকে সহযোগীতা নিয়েছেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |
| ০৯. <u>সমাজসেবা বিভাগ:</u> উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া জানান যে, চলতি অর্থবছরের সকল কার্যক্রম ভাতা ও উপবৃত্তি নির্ধারিত সময়ের মাঝেই উপকারভোগীদের মধ্যে বিতরণ করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় মোট ১৬,৫৩৩ জন উপকারভোগীর মাঝে ১২,৪৬,৮৯,৬০০/- (বারো কোটি, ছয়চল্লিশ লক্ষ উননব্বই হাজার ছয়শত) টাকা বিতরণ করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া, নেত্রকোণা।<br>২. চেয়ারম্যান ..........(সকল) ইউনিয়ন পরিষদ, আটপাড়া। |
| ১০. <u>সমবায় বিভাগ:</u> উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, তিনটি আশ্রয়ন প্রকল্প থেকে মোট ৫৬৯০/- টাকা ঋণ আদায় করা হয়েছে। নিরীক্ষা ফি বাবদ ৭৩০/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ২২০/- টাকা আদায় করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. <u>যুব উন্নয়ন অধিদপ্তর:</u> উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ০১ জুলাই ২০২৪ খ্রি. তারিখে জেলা কার্যালয়ে বিভিন্ন ট্রেড অনুষ্ঠিত প্রশিক্ষণ সম্পর্কে সকলকে অবগত করা হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক উপজেলা কার্যালয়ে ১৪ টি ব্যাচ সমাপ্ত হয়েছে। এছাড়া প্রশিক্ষণ, ঋণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার,আটপাড়া,নেত্রকোণা।<br>০২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা। |
| ১২. <u>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋন বিতরণ ও আদায় কার্যক্রম অব্যহত আছে। এ বছরে মোট৬৫.৯২ হাজার টাকা বিতরণ করা হয়েছে এবং ৪৬,১৯ হাজার টাকা আদায় হয়েছে। মুক্তিযোদ্ধা প্রকল্পের ঋণ বিতরণ কর হয়েছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১৩. <u>মৎস্য বিভাগ:</u> উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪ বন্যায় আটপাড়া উপজেলায় লুনেশ্বর, স্বরমুশিয়া ও দুওজ ইউনিয়নে মোট ক্ষতিগ্রস্ত পুকুরের সংখ্যা ৫টি মোট পুকুরের আয়তন ১.২২ হে. মাছের পরিমাণ ভেসে যায় ০.২০ মে.টন মাছের মূল্য ২.০৪ লক্ষ টাকা। বন্যায় খামারীদের পরবর্তীতে করনীয় কি তা পরামর্শ প্রদান করা হয়েছে। ১৬ টি পুকুরের পরার্শ প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, ৭ টি চায়না বাইড় জব্দ করা হয়েছে এবং উপজেলা চত্বরে আগুনে পুড়ে বিনষ্ট করা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |

| | | |
|---|---|---|
| **১৪. মহিলা ও শিশু বিষয়ক বিভাগ:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডাব্লিউবি কার্যক্রম চলমান আছে। এপ্রিল মাসের ডিও আদেশ জারী করা হয়েছে । জুন/২০২৪ মাসের ডিও আদেশ জারী করা হয়েছে। সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্য শস্য বিতরণের জন্য অনুরোধ করা হলো। মা ও শিশু সহায়তা ভাতা কার্যক্রম চলমান আছে। প্রতি ইউনিয়নে পরিষদের কাছাকাছি প্রাথমিক বিদ্যালয়ে কিশোরকিশোরী ক্লাব চলমান আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| **১৫. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের কাজ চলমান। অগ্রগতি স্বাভাবিক। প্রাথমিক বিদ্যালয় ওয়াম ব্লকের কাজ চলমান। ২০২২-২০২৩ অর্থ বছরের কাজ চলমান। অবশিষ্ট স্থান তালিকা প্রয়োজন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),আটপাড়া, নেত্রকোণা। |
| **১৬. ইউজিডিপি প্রকল্প (জাইকা):** প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) |
| **১৭. বিদ্যুৎ বিভাগ:** সহকারী জেনারেল ম্যানেজার সভায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| **১৮. খাদ্য বিভাগ:** কর্মকর্তা জানান যে, চলতি মাসে ভিজিডির খাতে চাল বিতরণ হয়েছে। টিসিবি খাতে চালের চালান হয়েছে কিন্তু এখন পর্যন্ত চাল উত্তোরন শেষ হয়নি। জিআর খাতে এখনো ছাড়পত্র পাওয়া যায়নি। প্রক্রিয়াধিন জিআর খাতে মোট ৩১,৫০০ মে.টন পরাদ্দ পাওয়া গেছে। অর্থবছরের রোরো সংগ্রহ চাল ৬০৪.০০০ মে.টন সংগ্রহ হয়েছে। ধান এখন পর্যন্ত ৩০.০০০মে. টন সংগ্রহ হয়েছে। সংগ্রহ কার্যক্রম চলমান। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| **১৯. তথ্যআপা প্রকল্প:** তথ্যসেবা কর্মকর্তা জানান যে, জুন/২০২৪ খ্রি. মাস ০৫(পাচ) টি উঠান বৈঠকের পরাদ্দ পাওয়া যায়। জুলাই-২০২৪ খ্রি. মাসে বৈঠকগুলো সমপন্ন করা হবে। পাশাপাশি ০২ (দুই) টি পি আই সি মিটিং করা নির্দেশনা রয়েছে। তথ্যকেন্দ্রের ও মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| **২০. বিবিধ আলোচনা:**<br>ভাইস চেয়ারম্যান, সভায় জানান যে, চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র মার্চ/২০২৪ হতে জুন/২০২৪ পর্যন্ত ভ্রমণ ভাতা প্রদানের বিষয়ে সভায় আলেচনা করা হয়।<br>চেয়ারম্যান লুনেশ্বর ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা সভায় জানান যে, হাট-বাজার উন্নয়ন তহবিল হতে বিগত বছরগুলোর ইজারার আয়ের উপর হাট-বাজার উন্নয়ন খাতে জমাকৃত অর্থ হতে উপজেলার অনুন্নত বাজার গুলোতে প্রকল্প গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | (১) সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র মার্চ/২০২৪ হতে জুন/২০২৪ পর্যন্ত ভ্রমণভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) বিস্তারিত আলোচনান্তে হাট-বাজার উন্নয়ন খাতের অর্থ হতে অনুন্নত বাজার গুলোতে প্রকল্প গ্রহণ ও প্রকল্পের কাজ দ্রুত সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. উপজেলা প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা। |
| **(খ) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:** উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিন্ম বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>**(গ) রাজস্ব তহবিল সংক্রান্ত:** রাজস্ব তহবিল ০১ জুন ২০২৪ থেকে ৩১ জুন ২০২৪ পর্যন্ত পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল ০১ জুন ২০২৪ থেকে ৩১ জুন ২০২৪ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট | সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা। |

| ব্যয়ের খাত | টাকা | | |
|---|---|---|---|
| উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা | ৯৪,০০০/- | ২,২৮,৮১৩/- (দুই লক্ষ আটাশ হাজার আটশত তেরো) টাকার ব্যায় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | |
| আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল | ৩৫,০০০/- | | |
| মালী জুন মাসের মজুরী প্রদান | ১৬,৫০০/- | | |
| সুইপারের জুন মাসের মজুরী প্রদান | ১৬,৫০০/ | | |
| পরিষদের জীপগাড়ির জ্বালানী ব্যয় | ৫৫,১১৩/- | | |
| উপজেলা জীপ গাড়ি মেরামত | ১১,৭০০/- | | |
| সর্বমোট | ২,২৮,৮১৩/- | | |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৪- ৪৬১

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩১
২৭ জুন ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ........................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ........................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ........................................................................................................

(এম. সাজ্জাদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা